



তারিখঃ ০৭.০৯.২০২৫খ্রি.

২০২৩ সালের এমএ/ এমএসএস/ এমবিএস শেষপর্ব পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে
অংশগ্রহণেচ্ছু প্রার্থীদের পালনীয় নিয়মাবলিঃ

১. যে সকল প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সাল সমূহে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৩ সালের মাস্টার্স শেষপর্ব প্রাইভেট পরীক্ষায় রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
 ২. যে সকল প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সাল সমূহে ১মপর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩ সালের শেষপর্ব পরীক্ষায় অংশগ্রহণের জন্য নতুন করে রেজিস্ট্রেশন করতে পারবে।
 ৩. সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে যে সকল বিষয়ে অধিভুক্তি আছে সে সকল বিষয়ে ২০২৩ সালের মাস্টার্স (প্রাইভেট) সর্বোচ্চ এক হাজার প্রার্থী আবেদন করতে পারবে।
 ৪. একজন প্রাইভেট পরীক্ষার্থী একবার কোন কেন্দ্রে নির্বাচিত হলে তাকে কেন্দ্র পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না।
 ৫. প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ পর পর ৩ (তিন) বছর বহাল থাকবে।
 ৬. প্রাইভেট পরীক্ষার্থীদের যে বছরের পরীক্ষায় অংশগ্রহণ করবে সে বছরের নিয়মিত পরীক্ষার্থীর পাঠ্যসূচি অনুসরণ করতে হবে।
 ৭. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nuadmission.com) কম্পিউটারে আবেদন ফরমের একটি প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত দলিলপত্র জমা দিতে হবে।
 - (ক) স্নাতক সম্মান পরীক্ষা পাশের মূল/ সাময়িক সনদ, মূল নম্বর ফর্দের এবং প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি ০২ কপি করে মোট ০৬ (ছয়) কপি।
 - (খ) মাস্টার্স ১মপর্ব পরীক্ষার ক্ষেত্রে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মার্কসীট ও রেজিস্ট্রেশনের ফটোকপি (সত্যায়িত)
 - (গ) প্রার্থীর ০২(দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি।
 - (ঘ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণ কর্তব্য হতে অব্যাহতি দেয়া হবে এই মর্মে প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
 ৮. প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীগণ রেজিস্ট্রেশন ফি / কোর্স ফি বাবত = ১২৭০/- (এক হাজার দুইশত সত্তর) টাকা, আবেদনপত্র ফি = ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা, বিবিধ ফি = ১০০/- (একশত) টাকা সর্বমোট = ১৯২০/- (এক হাজার নয়শত বিশ) টাকা বিকাশের মাধ্যমে <https://noakhalicollege.eshiksabd.com/> দিয়ে জমার আইডি রশিদ ও ডাউনলোডকৃত ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব-স্ব বিভাগে জমা দিয়ে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- * রেজিস্ট্রেশন করার শেষ তারিখ- ০৪.০৯.২০২৫ খ্রি. থেকে ১৭.০৯.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত।
৯. বিস্তারিত তথ্যের জন্য www.nuadmission.com
 - সম্মানীয় বিভাগীয় প্রধানগণ শিক্ষার্থীদের মোবাইলে টাকা জমার ম্যাসেজ না আসা পর্যন্ত ভর্তি ফরম জমা নিবেন না।
 - বিকাশের মাধ্যমে <https://noakhalicollege.eshiksabd.com/>।
 - যে কোন প্রয়োজনে কলেজ অফিসে যোগাযোগ করুন।

M. Hossain
অধ্যক্ষ

নোয়াখালী সরকারী কলেজ
নোয়াখালী